

মিটফোর্ডে ব্যবসায়ী হত্যার প্রতিবাদে উত্তাল নজরুল বিশ্ববিদ্যালয়

অনিরুদ্ধ সাজ্জাদ, কন্ট্রিবিউটিং রিপোর্টার, নজরুল বিশ্ববিদ্যালয়

প্রকাশিত: ০০:০৪, ১২ জুলাই ২০২৫



ছবি: সংগৃহীত

রাজধানীর পুরান ঢাকায় স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ (মিটফোর্ড) হাসপাতালের ৩ নম্বর ফটকে ভাঙারি ব্যবসায়ী লাল চাঁদ ওরফে সোহাগকে পিটিয়ে ও মাথা খেঁতলে হত্যার প্রতিবাদে বিক্ষোভ করেছে জাতীয় কবি কাজী নজরুল ইসলাম বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীরা।

শুক্রবার (১১ জুলাই) রাত সাড়ে ১০টার দিকে বিশ্ববিদ্যালয়ের বিদ্রোহী হল চত্বর থেকে বিক্ষোভ মিছিল শুরু হয়। মিছিলটি ক্যাম্পাসের বিভিন্ন সড়ক প্রদক্ষিণ করে জয়ধ্বনি চত্বরে গিয়ে সংক্ষিপ্ত সমাবেশে মিলিত হয়।

বিক্ষোভ মিছিল ও সমাবেশে শিক্ষার্থীরা বিভিন্ন স্লোগান দেন। তাঁরা বলেন, “আমার ভাই কবরে, সন্ত্রাসীরা উল্লাস করে”, “ইন্টেরিম কী করে?”, “খুনিদের বিরুদ্ধে ডাইরেক্ট অ্যাকশন”, “চাঁদাবাজের বিরুদ্ধে ডাইরেক্ট অ্যাকশন”, “জ্বালো জ্বালো আগুন জ্বালো”, “খুন ধর্ষণ নিপীড়ন, রুখে দাও জনতা” — এমন নানা স্লোগানে প্রকম্পিত হয় পুরো ক্যাম্পাস।

সমাবেশে বক্তারা বলেন, “স্বাধীন বাংলাদেশের বুকে চব্বিশ এক ফ্যাসিবাদের বিদায় ঘটিয়েছে। এই বাংলায় কেউ আবার ফ্যাসিবাদ কায়েমের চেষ্টা করলে বাংলার ছাত্রজনতা ঘরে বসে থাকবে না। মধ্যযুগীয় কায়দায় এই নারকীয় হত্যাকাণ্ডের সঙ্গে জড়িতদের দ্রুত দৃষ্টান্তমূলক শাস্তি দিতে হবে। এমন শাস্তি দেওয়া হোক, যাতে দ্বিতীয়বার কেউ আর এ ধরনের অপরাধ করার সাহস না পায়।”

শিক্ষার্থীরা অবিলম্বে হত্যাকারীদের কঠোর বিচার দাবি করেন। বক্তারা আরও বলেন, অন্যায়ের বিরুদ্ধে বিশ্ববিদ্যালয়ের ছাত্রসমাজ সবসময় সোচ্চার থাকবে।